



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ  
এইচএসসি (বিএম) শাখা  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
Website : [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-বাকাশিবো/প-বিএম/৬০৪/১১৭৪

তারিখ : ১৪-১২-২০১৬ খ্রি:

### বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বোর্ড অধীন পরিচালিত মহিলা শিক্ষা প্রতিষ্ঠানে (স্বতন্ত্র কারিগরি মহিলা স্কুল/কলেজ/মাদ্রাসার সাথে মহিলা নামে) ২০১৬-১৭ শিক্ষাবর্ষ হতে এইচএসসি (বিএম) শিক্ষাক্রমে কোন ছাত্র ভর্তি করা যাবেনা। যদি ইতোমধ্যে একুশ কোন মহিলা শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ভর্তি হয়ে থাকে তাদের রেজিস্ট্রেশন তথা পরীক্ষায় অংশ গ্রহনের কোন সুযোগ থাকবে না। তবে, শিক্ষার্থীদের শিক্ষা জীবনের কথা বিবেচনা করে তাদেরকে অনুমোদিত নিকটবর্তী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশন ও পরীক্ষায় অংশগ্রহনের বিষয়টি বোর্ডের বিবেচনায় থাকবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট মহিলা শিক্ষা প্রতিষ্ঠানের নিকটবর্তী কলেজে রেজিস্ট্রেশন ও ফরম পূরণের নিমিত্ত বোর্ডের সাথে দ্রুত যোগাযোগ করতে সংশ্লিষ্ট অধ্যক্ষকে অনুরোধ জানানো হল।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-  
(গুরুত্বপূর্ণ স্বাক্ষর করা হবে)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯১১৩২৮৩

স্মারক নং-বাকাশিবো/প-বিএম/৬০৪/১১৭৪(৬)

তারিখ : ১৪-১২-২০১৬ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
- ২। সচিব/ পরিদর্শক /পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল)।
- ৪। ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট নথি।

নিজাম উদ্দিন  
১৪/১২/২০১৬  
(মোঃ নিজাম উদ্দিন)  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯১৩৩৪৬৫